# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**10 JANUARY 2025** **7:45—7:55 PM IST**

=============================================================

(১) আগামী ১৭ই ফেব্রুয়ারি আসাম বিধানসভার বাজেট অধিবেশন/ কোকরাঝাড়ের বিটিসি ভবনে প্রথম দিনের কার্যসূচী/

(২) কেন্দ্রীয় মন্ত্রী সর্বানন্দ সনোয়ালের পৌরহিত্যে কাজিরাঙ্গায় অনুষ্ঠিত আভ্যন্তরীণ জলপথ উন্নয়ন পর্ষদের বৈঠকে এক হাজার চারশো কোটিরও বেশি টাকা ব্যয়সাপেক্ষ বেশকয়েকটি নতুন প্রকল্পের সূচনা/ বরাক নদীর জন্য একটি জরীপ জাহাজ ক্রয়/

(৩) কেন্দ্রীয় রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণৌ’য়ের মধ্যবিত্ত এবং নিম্ন আয়ের লোকেদের গুণগতমান সম্পন্ন পরিষেবা প্রদানের জন্য শীঘ্র নতুন বন্দে ভারত রেলসেবা চালু করা হবে বলে প্রকাশ/

এবং

(৪) উম্রাংশুর অবৈধ কয়লা খনিতে সংঘটিত দুর্ঘটনার পরিপ্রেক্ষিতে এপর্যন্ত দুজনকে গ্রেপ্তার/ আটকে পড়া শ্রমিকরা এখনো এখনো উদ্ধারহীন/

---------------------------------------------------------------------------------

আসাম বিধানসভার বাজেট অধিবেশন আগামী ১৭ই ফেব্রুয়ারি আরম্ভ হবে । অধিবেশনের প্রথম দিনের কার্যসূচী কোকরাঝাড়ের বি টি সি ভবনে অনুষ্ঠিত হবে ।

রাজ্যপাল লক্ষ্মণ প্রসাদ আচার্য আজ এই সম্পর্কে আনুষ্ঠানিক বিজ্ঞপ্তি জারি করেছেন । বাজেট অধিবেশনের প্রথম দিনে রাজ্যপাল আচার্য সভায় ভাষণ দেবেন । রাজ্যের অর্থমন্ত্রী অজন্তা নেওগের বাজেট উত্থাপন, বাজেট বিতর্ক সহ অধিবেশনের পরবর্তী দিনগুলির কার্যসূচী দিসপুরের আসাম বিধানসভা ভবনে অনুষ্ঠিত হবে ।

---------------------------------------------------------------------------------------------

আভ্যন্তরীণ জলপথ উন্নয়ন পরিষদের আজ কাজিরাঙায় অনুষ্ঠিত দ্বিতীয় বৈঠকে এক হাজার ৪০০ কোটির ও বেশী টাকা ব্যয় সাপেক্ষে আসাম তথা দেশের আভ্যন্তরীণ জলপথ পরিবহন ক্ষেত্রের বেশ কয়েকটি নতুন প্রকল্পের সূচণা করা হয় । কেন্দ্রীয় বন্দর ,জাহাজ পরিবহন ও জলপথ মন্ত্রী সর্বানন্দ সনোয়ালের পৌরহিত্যে অনুষ্ঠিত বৈঠকে ১৬ নম্বর অর্থাৎ বরাক ও দুই নম্বর অর্থাৎ ব্রক্ষ্মপুত্র জাতীয় জলপথে চলাচলের জন্য ১২ টি জাহাজ ক্রয় , বরাক নদীর জন্য একটি জরীপ জাহাজ ক্রয় , পান্ডু জাহাজ মেরামতি কেন্দ্র থেকে পান্ডু বন্দর পর্যন্ত সংযোগী সড়ক ইত্যাদি ঘোষনা করা হয় ।বৈঠকে জাহাজ ও কর্মচারী সংক্রান্ত বিষয় পঞ্জীয়নের জন্য ডিজিটেল ইন্ডিয়া নামের কেন্দ্রীয় তথ্য সমৃদ্ধ একটি পোর্টেল খোলা হয় ।আজকের বৈঠকে ডিব্রুগড়ের ঐতিহ্য ভবনের পুর্ননির্মান আঞ্চলিক উৎকর্ষ কেন্দ্র স্থাপন , রাজ্যের চারটি স্থানে পর্যটন টার্মিনেলের বিকাশ ইত্যাদি আরো কয়েকটি প্রকল্পে অনুমোদন দেওয়া হয় ।অনুষ্ঠানে ভাষন প্রসংগে কেন্দ্রীয় মন্ত্রী শ্রী সনোয়াল বলেন যে গত ১০ বছরে জাতীয় জলপথগুলির মাধ্যমে দেশের যাতায়াত ব্যবস্থা উন্নত করে তোলা হয়েছে ।২০১৪ সাল পর্যন্ত দেশে শুধু ৫ টি জাতীয় জলপথ ছিল বলে উল্লেখ করে শ্রী সনোয়াল বলেন যে পরবর্তী সময়ে দেশের প্রতিটি রাজ্যের নদীগুলি সম্পর্কে অধ্যয়ন করে বর্তমান জাতীয় জলপথের সংখ্যা ১১১ তে বৃদ্ধি করা হয়েছে । বিগত সময়কালে মালবাহী জাহাজ পরিবহনের ক্ষেত্রে ভারতের অভ্যন্তরীণ জলপথ উন্নয়ন পরিষদ ইতিহাস রচনা করতে সক্ষম হয়েছে বলে শ্রী সনোয়াল উল্লেখ করেন। অনুষ্ঠানে বন্দর , জাহাজ পরিবহন ও জলপথ মন্ত্রনালয়ের প্রতিমন্ত্রী শান্তনু ঠাকুর , রাজ্যের মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা , অন্দ্রপ্রদেশের সড়ক পরিবহন মন্ত্রী বি সি জনার্দন রেড্ডি , আরুণাচল প্রদেশের গ্রামোন্নয়ন মন্ত্রী অজিং টেসিং সহ বেশ কয়েকটি রাজ্যের মন্ত্রীরা উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় রেল এবং তথ্য ও সম্প্রচার দপ্তরের মন্ত্রী অশ্বিনী বৈষ্ণ মধ্যবিত্ত এবং নিম্ন আয়ের লোকেদের গুণগতমান সম্পন্ন পরিষেবা প্রদানের সুবিধার্থে শীঘ্রই নতুন বন্দে ভারত ট্রেন সেবা চালু করা হবে বলে জানিয়েছেন । চেন্নাইতে আজ ট্রেনের সুসংহত

বগি নির্মাণের কারখানায় সংবাদ মাধ্যমের সঙ্গে কথাপ্রসঙ্গে কেন্দ্রীয় মন্ত্রী শ্রী বৈষ্ণ বলেন যে- প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর পরিকল্পনা অনুসারে দেশবাসীকে বিশ্বমানের সুবিধা প্রদানের চেষ্টা করা হয়েছে । এবং দ্বিতীয় পর্যায়ের 'অমৃত ভারত'এর শুরুতেই এই পরিকল্পনা বাস্তবায়িত করা হবে । শ্রী বৈষ্ণ অমৃত ভারত ট্রেনের কামরায় যাত্রীদের সুবিধা ও নিরাপত্তার জন্য বারোটি বিশেষ ব্যবস্থা সহ উন্নয়নমূলক বিভিন্ন গুরুত্বপূর্ণ কথা উল্লেখ করেছেন । তিনি একইসঙ্গে আগামী দুবছরের মধ্যে নিম্ন আয়ের লোকেদের জন্য ৫০টি নতুন ট্রেন চালু করার কথাও ঘোষণা করেছেন ।

---------------------------------------------------------------------------------------

দেশের অন্যতম সম্মানজনক শিক্ষাপ্রতিষ্ঠান শান্তি নিকেতনের বিশ্ব ভারতী বিশ্ববিদ্যালয়ে অসমীয়া বিভাগটি পূর্নাংগ বিভাগরুপে গড়ে তোলার ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন অনুমোদন দিয়েছে ।বিশ্বভারতী কতৃপক্ষ গতকাল আনুষ্ঠানিকভাবে এই অনুমোদন পত্র লাভ করে । বিশ্বভারতীর পক্ষ থেকে পূর্নাংগ অসমীয়া বিভাগের জন্য গত বছরের তেসরা এপ্রিল প্রস্তাব সম্মিলিত বিস্তারিত প্রতিবেদন কমিশনের কাছে প্রেরণ করা হয়েছিল ।কমিশন বিশ্ব ভারতী থেকে প্রস্তাবিত ৬ টি অধ্যাপক পদের মধ্যে ৪ টি পদে অনুমোদন দিয়েছে ।এর মধ্যে একটি সহযোগী ও তিনটি সহকারী অধ্যাপকের পদ । কেন্দ্রীয় অর্থ বিভাগ অনুমোদন জানালেই রাজ্যের বাইরে একমাত্র অসমীয়া ভাষা শিক্ষার বিভাগটি কার্যকরভাবে পূর্নাংগ বিভাগে উন্নীত হবে । ধ্রুপদী ভাষার মর্যাদা লাভ করা অসমীয়া ভাষা শিক্ষার গবেষণায় এই স্বীকৃতি রাজ্যবাসীকে আনন্দিত করে তুলেছে ।উল্লেখ্য ২০১৬ সাল থেকে বিশ্ববিদ্যালয়ের অসমীয়া বিভাগটিকে পূর্নাংগরুপে গড়ে তোলার জন্য দাবী উত্থাপিত হয়ে আসছিল ।

---------------------------------------------------------------------------------------

উম্রাংশুর তিন কিল'এর কয়লা খনিতে হঠাৎ ঢুকে পড়া জলের জন্য গত সোমবার সংঘটিত দুর্ঘটনার উদ্ধার অভিযানের আজ পঞ্চম দিনেও খনির ভিতরে আটকে পড়া শ্রমিকদের সন্ধান এখনো পাওয়া যায়নি । এই উদ্ধার কার্যে সহায়তা করার জন্য নাগপুরের পশ্চিম কোল ফিল্ড লিমিটেডের একটি দলও উম্রাংশুতে এসে উপস্থিত হয়েছেন । দলটি অত্যাধুনিক জল নিষ্কাষণ যন্ত্রের মাধ্যমে প্রতি মিনিটে ৫০০ গ্যালন জল সেঁচার কাজ অব্যাহত রেখেছেন । নৌসেনা বাহিনী, এন ডি আর এফ, এস ডি আর এফ, কোল ইন্ডিয়া লিমিটেডের উদ্ধারকারী বাহিনী এবং জেলা প্রশাসন একযোগে প্রচেষ্টা চালানোর পরও কয়লা খনিটিতে জলের পরিমাণ হ্রাস করা সম্ভব হয়নি বলে উদ্ধার অভিযান তদারক করা জনৈক উচ্চপদস্থ আধিকারিক জানিয়েছেন । এদিকে ডিমা-হাসাও পুলিশ আজ অবৈধ কয়লা খনিটির শ্রমিকদের সর্দার বলে পরিচিত হান্নান

লস্কর নামের একজন লোককে গ্রেপ্তার করেছে । এনিয়ে এই ঘটনায় এপর্যন্ত দুজনকে আটক করা হয়েছে । অন্যদিকে কংগ্রেস সহ বেশকয়েকটি বিরোধী দল উম্রাংশুর খনি দুর্ঘটনার প্রকৃত তথ্য সরকার দেয়নি বলে অভিযোগ তুলেছে এবং এই ঘটনার বিচার বিভাগীয় তদন্তের দাবি জানিয়েছে ।

------------------------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলার মনাছড়া গাও পঞ্চায়েতের নতুন কার্যালয় ভবনের আজ ভিত্তিপ্রস্তর স্থাপন করা হয়েছে । করিমগঞ্জের সাংসদ কৃপানাথ মালাহ নতুন পঞ্চায়েত কার্যালয়ের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। নতুন ভবনটি ২০২৩-২৪ অর্থ বছরে জাতীয় গ্রাম স্বরাজ অভিযান এর আওতায় নির্মাণ করা হবে । অনুষ্ঠানে লালা উন্নয়ন খন্ডের বিডিও আদিত্য মূখার্জি এবং যূব মোর্চার হাইলাকান্দি জেলা সভাপতি ডা: মিলন দাস বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ।অনুষ্ঠানে সাংসদ শ্রী মালাহ ভাষন প্রসংগে বলেন নতুন ভবনটি গ্রামবাসীর জন্য উন্নয়নের কেন্দ্র হিসেবে কাজ করবে ।

------------------------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলায় আসন্ন সাধারণতন্ত্র দিবস যথাযোগ্য মর্যাদায় পালনের উদ্দেশ্যে জেলা প্রশাসনের উদ্যোগে আজ জেলা আয়ুক্তের কার্য্যলয়ে একটি প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে । আজ জেলা আয়ুক্ত প্রদীপ কুমার দ্বিবেদীর পৌরহিত্যে আয়োজিত সভায় এবছর সাধারনতন্ত্র দিবসের কেন্দ্রীয় অনুষ্ঠান করিমগঞ্জ সরকারী উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের খেলার মাঠে আয়োজন করার সিদ্ধান্ত হয়েছে । আজকের সভায় সাধারণতন্ত্র দিবসের আগে শ্রীভূমি শহরে সাফাই অভিযান জোরদার করতে পৌরসভার কার্যবাহী আধিকারিককে নির্দেশ দেওয়া হয়েছে ।

------------------------------------------------------------------------------------------------

আসন্ন উৎসবের মরশুমে দুধ ও মাংসজাত সামগ্রীর মূল্য বৃদ্ধি রোধে কঠোর নজরাদারি রাখতে রাজ্যের পশু পালন ও পশু চিকিৎসা বিভাগের মন্ত্রী কৃষ্ণেন্দু পাল সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে নির্দেশ দিয়েছেন । এই উপলক্ষ্যে বিভাগের পক্ষ থেকে দুধ , মাংস ও দুগ্ধজাত সামগ্রীর মূল্য নিয়ন্ত্রণে কড়া তীক্ষ্ণ নজর রাখতে নির্দেশ দেওয়া হয়েছে । এছাড়া বিভাগের পক্ষ থেকে ভেজাল পণ্য সামগ্রী বিক্রির বিরুদ্ধে কড়া পদক্ষেপ গ্রহন করতে ও নজরদারী রাখতে বলা হয়েছে । এই নির্দেশ অমান্য করলে আইনানুযায়ী ব্যবস্থা গ্রহন করা হবে বলে জানানো হয়েছে ।

------------------------------------------------------------------------------------------------

বরাক উপত্যকার বিশিষ্ট লেখক, সাংবাদিক, আইনজীবি, ইমাদ উদ্দিন বুলবুল আজ সন্ধ্যায় হৃদরোগে আক্রান্ত হয়ে শিলচরের একটি বেসরকারী হাসপাতালে শেষ নিঃশ্বাস

ত্যাগ করেছেন । বয়স হয়েছিল - ৭৫ । বরাক উপত্যকা বঙ্গ সাহিত্য ও সংস্কৃতি সম্মেলনের সঙ্গে দীর্ঘদিন ধরে যুক্ত এই বিশিষ্ট সাহিত্যব্রতী বর্তমানে সম্মেলনের কেন্দ্রীয় কমিটির সহ-সভাপতি পদের দায়িত্বে ছিলেন । 'বরাকের ইতিহাস ও ঐতিহ্যের সন্ধানে' সহ বরাক উপত্যকার বিভিন্ন গবেষণাধর্মী লেখা এবং গল্প, 'সুরমা নদীর চোখে জল' নামের দেশভাগের উপর উপন্যাস লিখে তিনি এই উপত্যকার সাহিত্য জগতকে সম্বৃদ্ধ করে গেছেন। তাঁর মৃত্যুতে বরাক উপত্যকা সহ বৃহত্তর বাংলার বৌদ্ধিক মহলে গভীর শোকের ছায়া নেমে এসেছে ।

---

হাইলাকান্দি জেলায় নিয়মিত টীকাকরন থেকে বাদ পড়া শিশুদের জন্য আগামী ১৭ই জানুয়ারী থেকে জেলা স্বাস্থ্য বিভাগের উদ্যোগে বিশেষ টীকাকরন অভিযান শুরু করা হবে । জেলার স্বাস্থ্য বিভাগের পক্ষ থেকে পাঁচ বছর বয়স পর্য্যন্ত শিশুদের এই টীকাকরনের উদ্দেশ্যে পোর্টাল u-win - এ রেজিষ্ট্রেশন করতে স্বাস্থ্য বিভাগ থেকে আবেদন জানানো হয়েছে । উল্লেখ্য এই অভিযান আগামী ২৫শে জানুয়ারী পর্য্যন্ত চলবে ।

---